অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/21/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অলিম্পিক আঞ্চলিক বক্র কর্তৃপক্ষের ভেন্যুসমূহে 2024-2025 এর মুখ্য ইভেন্টসমূহ ঘোষণা করলেন

2024-2025 এর সময়সূচিতে রয়েছে তিনটি ভিন্ন ক্রীড়ার ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ এবং ওয়ার্ল্ড কাপ

2026 মিলানো কর্টিনা আয়োজন করার নিলাম ববস্লেড, লিউগ এবং স্কেলেটন ইভেন্টের ব্যাকআপ ভেন্যু হওয়ার প্রতিযোগিতা করে

1932 এবং 1980 শীতকালীন অলিম্পিক গেমসের আয়োজক লেক প্ল্যাসিড নিউ ইয়র্ক স্টেটের বিশ্বের সেরা অ্যাথলেটদের আকর্ষণ করা অব্যাহত রেখেছে

নিউ ইয়র্কের 123 বিলিয়ন মার্কিন ডলার পর্যটন শিল্পখাতকে সমর্থন করার প্রতি গভর্নরের প্রতিশ্রুতির অনুবর্তী

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেট অলিম্পিক আঞ্চলিক বিকাশ কর্তৃপক্ষের (Olympic Regional Development Authorit, ORDA) (অলিম্পিক কর্তৃপক্ষ) 2024-2025 এর ইভেন্ট ক্যালেন্ডার ঘোষণা করেছেন যেখানে তিনটি ভিন্ন ক্রীড়ার ওয়ার্ল্ড কাপ ইভেন্ট এবং 2025 সালের মার্চে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক ববস্লেড ও স্কেলেটন ফেডারেশনের (International Bobsled & Skeleton Federation, IBSF) ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপের ইভেন্ট রয়েছে। ঘোষণাটি প্যারিস 2024 গ্রীষ্মকালীন অলিম্পিক গেমসের সমাপ্তি এবং টিম USA এর সাফল্যের অনুবর্তী, তারা 40টি স্বর্ণপদকসহ মোট 126টি পদক জিতেছে।

"লেক প্ল্যাসিডের ক্রীড়া অবকাঠামো সংস্কার করার জন্য সাম্প্রতিক স্টেট বিনিয়োগ দিয়ে আমরা নর্থ কান্ট্রির অ্যাথলেটিক মর্যাদার টেকসই লিগেসির প্রতি আমাদের প্রতিশ্রুতিকে অগ্রসর করছি," **গভর্নর হোকল বলেন।** "আগামী মাসগুলিতে আকর্ষণীয় ইভেন্টের একটি তালিকাকে স্বাগত জানানোর মাধ্যমে আমরা অঞ্চলের ইতিহাসকে কাজে লাগাচ্ছি এবং অবকাঠামো ও এর সম্ভাবনাসমূহে প্রাণসঞ্চার করছি।"

অলিম্পিক কর্তৃপক্ষের 2024-2025 সময়সূচির গুরুত্বপূর্ণ অংশে রয়েছে 27-29 সেপ্টেম্বর WHOOP ইউনিয়ন সাইক্লিস্ট ইন্টারন্যাশনাল (Union Cycliste Internationale, UCI) মাউন্টেন

বাইক সিরিজের লেক প্ল্যাসিডে প্রথমবারের মতো উপস্থিতি, এর পরে 18-19 জানুয়ারি আন্তর্জাতিক স্কি এবং স্নোবোর্ড ফেডারেশনের (International Ski and Snowboard Federation, FIS) এরিয়ালস ওয়ার্ল্ড কাপ ফেৰত আসছে, এবং 7-9 ফেব্রুয়ারি FIS স্কি জাম্পিং ওয়ার্ল্ড কাপ, যেখানে এখন নারী ও পুরুষ উভয়ের প্রতিযোগিতা অন্তর্ভুক্ত থাকবে। IBSF ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ 6 মার্চ থেকে 16 মার্চ পর্যন্ত দুই সপ্তাহ ধরে চলবে।

আসন্ন সময়সূচির অন্যান্য উল্লেখযোগ্য ইভেন্ট হলো 11-16 ফেব্রুয়ারি স্কি জাম্পিং এবং নর্ডিকের সম্মিলিত FIS ওয়ার্ল্ড জুনিয়র চ্যাম্পিয়নশিপ, 27-30 মার্চ সুপারট্যুর নর্ডিক ফাইনালস, এবং অলিম্পিক সেন্টারে দুইটি মুখ্য কলেজিয়েট হকি টুর্নামেন্ট, অ্যাডিরন্ড্যাক ইনভাইটেশনাল (29-30 নভেম্বর) এবং ECAC হকি মেন্স চ্যাম্পিয়নশিপ (21-22 মার্চ)।

গেমসের জন্য মিলানো কর্টিনা 2026 সংগঠক কমিটি (Milano Cortina 2026 Organizing Committee) 1 নভেম্বর, 2023 তারিখে একটি টেন্ডার প্রকাশ করে, যেখানে স্লাইডিং ক্রীড়ার (ববস্লেজ, স্কেলেটন, লিউগ) জন্য একটি ব্যাক আপ ভেন্যুর ব্যবস্থা করার জন্য জাতীয় অলিম্পিক কমিটিসমূহের থেকে একটি আয়োজন প্রস্তাবনার আহ্বান করা হয়। আয়োজনকে শহরগুলিকে বিদ্যমান ও অস্থায়ী ভেন্যু ব্যবহার করার জন্য উৎসাহিত করা হচ্ছে, যা একাধিক শহর, অঞ্চল ও কাউন্টিজুড়ে হতে পারবে। মার্কিন যুক্তরাষ্ট্রের অলিম্পিক ও প্যারাঅলিম্পিক কমিটি (United States Olympic & Paralympic Committee, USOPC) 1 ডিসেম্বর, 2023 তারিখে আন্তর্জাতিক অলিম্পিক কমিটির (International Olympic Committee, IOC) কাছে নিউ ইয়র্ক স্টেটের লেক প্ল্যাসিডের প্রস্তাব জমা দেয়। প্রস্তাবনায় মিলানো কর্টিনার সাথে অংশীদারিত্বে আয়োজন করার এবং আগামী প্রজন্মকে অনুপ্রাণিত করার এবং অলিম্পিক কর্তৃপক্ষের ফ্যাসিলিটিসমূহে স্টেটের বিনিয়োগকে সমর্থন করা এবং লিটল ইটালি ও নিউ ইয়র্ক সিটির চেতনায় অ্যাথলেট ওর ক্রীড়াকে উদযাপন করে লেক প্ল্যাসিডে আন্তর্জাতিক শীতকালীন ক্রীড়াকে সমর্থন করার জন্য একটি টেকসই সমাধানের রূপরেখা প্রদান করা হয়েছে। লেক প্ল্যাসিড-নিউ ইয়র্ক স্টেট প্রস্তাবনাটি ববস্লেড, লিউগ এবং স্কেলেটনের জন্য প্ল্যান বি সমাধান হিসেবে ঘোষিত হওয়ার জন্য প্রতিযোগিতায় রয়েছে।

WHOOP UCI মাউন্টেন বাইক ওয়ার্ল্ড সিরিজ, 27-29 সেপ্টেম্বর, মাউন্ট ভ্যান হোভেনবার্গ

ঐতিহাসিকভাবে শীতকালীন ইভেন্ট আয়োজন করার জন্য অলিম্পিক কর্তৃপক্ষের ওয়ার্ল্ড কাপ মৌসুম এই ফল মৌসুমে, 27-29 সেপ্টেম্বর, মাউন্ট ভ্যান হোভেনবার্গে শুরু হবে, এবং প্রথমবারের মতো লেক প্ল্যাসিডে WHOOP UCI মাউন্টেন বাইক ওয়ার্ল্ড সিরিজ আসছে। বিশ্বের সেরা নারী ও পুরুষ মাউন্টেন বাইকার গণ তিনটি ভিন্ন ওয়ার্ল্ড কাপ রেসে প্রতিযোগিতা করবে, ক্রস কান্ট্রি অলিম্পিক (Cross-country Olympic, XCO), ক্রস কান্ট্রি শর্ট ট্র্যাক (Cross-country Short Track, XCC), এবং ক্রস কান্ট্রি ম্যারাথন (Cross-country Marathon, XCM), এবং এখানে পুরস্কারের অর্থ এবং সামগ্রিক তালিকার জন্য পয়েন্ট অর্জনের সুযোগ রয়েছে। ক্রস কান্ট্রি মাঠে থাকবে সম্প্রতি অলিম্পিক পদক বিজয়ী পলিন ফেরান্ড-প্রেভোট, হ্যালি ব্যাটেন, টম পিডকক এবং ভিক্টর কোরেটজকি এবং সেই সাথে থাকবে ক্রীড়ার কিংবদন্তি নিনো স্কুর্টার যে বর্তমানে সামগ্রিক UCI তালিকায় দ্বিতীয় অবস্থানে রয়েছে। ব্যাটেনের প্যারিসের রৌপ্যপদক ছিলো অলিম্পিকে কোনো আমেরিকান রাইডারের সর্বকালের সেরা ফিনিশ।

যেমনটি গভর্নর হোকল পূর্বে এই বছরের শুরুতে ঘোষণা করেছেন, অলিম্পিক কর্তৃপক্ষ এবং ওয়ার্নার ব্রাদার্স ডিসকভারি স্পোর্টস (Warner Bros. Discovery Sports), WHOOP UCI মাউন্টেন বাইক ওয়ার্ল্ড সিরিজের সম্প্রচার, প্রচারণা, এবং সংগঠনের ব্যবস্থাপনা করা বৈশ্বিক প্রোমোটার, রেসের আয়োজন করা এবং বিশ্বব্যাপী ডিসিপ্লিনসমূহকে বিকশিত করার জন্য একটি তিন বছরের চুক্তি সম্পন্ন করেছে। লেক প্ল্যাসিড ইভেন্টটি মার্কিন যুক্তরাষ্ট্রে ম্যাক্স স্ট্রিমিং সার্ভিসে B/R স্পোর্টস হাবে দেখানো হবে। ইভেন্টের টিকেট এবং আরো তথ্য উপলভ্য আছে এখানে।

FIS ফ্রিস্টাইল এরিয়ালস ওয়ার্ল্ড কাপ, 18-19 জানুয়ারি, অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স
18-19 জানুয়ারি, 2025 এ 2019 সালের পর প্রথমবারের মতো নারী ও পুরুষের FIS ফ্রিস্টাইল এরিয়ালস ওয়ার্ল্ড কাপ প্রতিযোগিতা অলিম্পিক জাম্পিং কমপ্লেক্সে ফেরত আসছে। 1994 সালের লিলিহ্যামার গেমসের পর থেকে একটি অলিম্পিক ক্রীড়া হওয়া এরিয়ালস একটি দর্শকবান্ধব ডিসিপ্লিন যেখানে অ্যাথলেটরা অ্যাক্রোবেটিক ফ্লিপ, স্পিন এবং বাতাসে টুইস্ট পারফর্ম করে এবং মোট বাতাসে থাকা, ফর্ম, এবং ল্যান্ডিংয়ের সাফল্যের উপর স্কোর প্রদান করা হয়।

লেক প্ল্যাসিড হলো 2024-25 ক্যালেন্ডারের আটটি FIS এরিয়ালস ওয়ার্ল্ড কাপের একটি এবং এখানে নারী ও পুরুষের ব্যক্তিগত ইভেন্ট এবং মিশ্র দলীয় ইভেন্ট থাকবে। 24 নভেম্বর, 2024 তারিখে ফিনল্যান্ডের রুকাতে মৌসুম শুরু হবে এবং 30 মার্চ, 2025 তারিখে ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ শুরুর মধ্যে দিয়ে মৌসুমের সমাপ্তি হবে। 1985 থেকে 2019 পর্যন্ত FIS এরিয়ালস ওয়ার্ল্ড কাপ ট্যুরের একটি নিয়মিত স্টপ, লেক প্ল্যাসিড হলো 2024-2025 মৌসুমের দ্বিতীয় এরিয়ালস ওয়ার্ল্ড কাপ।

মার্কিন যুক্তরাষ্ট্রের এরিয়ালস দল বরাবরই একটি শক্তিশালী দল। একজন অলিম্পিক স্বর্ণপদক বিজয়ী এবং নিউ ইয়র্কের রচেস্টারের স্থানীয় বাসিন্দা ক্রিস্টোফার লিলিস গত বছর একাধিক ওয়ার্ল্ড কাপ পোডিয়াম ফিনিশের মাধ্যমে সার্বিক র‍্যাঙ্কিংয়ে তৃতীয় স্থান অর্জন করে। মিশিগানের উইন্টার ভিনেকি গত বছর তিনটি ব্যক্তিগত ওয়ার্ল্ড কাপ জিতেছে এবং সর্বমোট FIS পয়েন্টে খুব সামান্য ব্যবধানে অস্ট্রেলিয়ার ড্যানিয়েল স্কটের বিপক্ষে দ্বিতীয় স্থান অর্জন করে।

FIS স্কি জাম্পিং ওয়ার্ল্ড কাপ, 7-9 ফেব্রুয়ারি, অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স
বিগত দুই বছর ধরে সফলভাবে পুরুষদের জন্য FIS স্কি জাম্পিং ওয়ার্ল্ড কাপ আয়োজন করার পর, অলিম্পিক কর্তৃপক্ষ 7-9 ফেব্রুয়ারিতে অলিম্পিক জাম্পিং কমপ্লেক্সের বড় পাহাড়ে নারীদের ব্যক্তিগত স্কি জাম্পিং ইভেন্ট ও মিশ্র দলীয় প্রতিযোগিতা যোগ করার ঘোষণা প্রদান করেছে।

ক্রিস্টাল গ্লোবের বর্তমান বিজয়ী স্লোভেনিয়ার 19 বছরের নাইকা প্রেভক এবং ক্রীড়াতে একটি ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ বিজয়ী প্রথম কানাডিয়ান হিসাবে ক্যালগারির আলেক্সান্ড্রিয়া লুইটকে নিয়ে নারীদের কন্টিনজেন্ট সপ্তাহান্তে সম্পূর্ণ নতুন মাত্রার আকর্ষণ সংযোজিত করবে।

2024 ওয়ার্ল্ড কাপ পয়েন্টের সার্বিক চ্যাম্পিয়ন হওয়া স্টিফেন ক্র্যাফট গত বছর লেক প্ল্যাসিডে কৃতিত্বের সাথে ওয়ার্ল্ড কাপ শেষ করে, দিনের শেষ লাফে সপ্তাহান্তের শেষ ব্যক্তিগত প্রতিযোগিতায় বিজয়ী হয়। ক্র্যাফটের বিজয়ী লাফ তাকে লভরো কসকে অতিক্রম করতে দেয়, কস একজন স্লোভেনিয়ান যে পূর্বের দিন তার ক্যারিয়ারের প্রথম ব্যক্তিগত ওয়ার্ল্ড কাপ জিতে নিয়েছিলো। লেক প্ল্যাসিডে মার্কিন যুক্তরাষ্ট্রের দলকে নেতৃত্ব দেওয়ার জন্য নির্ধারিত হয়েছে লেক প্ল্যাসিডের স্থানীয় টেট ফ্র্যান্টজ এবং ভাই-বোনের দল আনিকা বেলশ এবং এরিক বেলশ। আরো তথ্য এখানে পাওয়া যেতে পারে।

IBSF ববস্লেড এবং স্কেলেটন ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ, 6-16 মার্চ, মাউন্ট ভ্যান হোভেনবার্গ
IBSF ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ হলো মৌসুমের প্রধান ববস্লেড এবং স্কেলেটন ইভেন্ট, যা বিশ্বের সেরা স্লাইডিং অ্যাথলেটদের ক্যারিয়ারের সংজ্ঞা প্রদান করা মুহূর্ত অর্জনের একটি সুযোগ প্রদান করে। 1949 সাল থেকে মাউন্ট ভ্যান হোভেনবার্গ নয়বার ববস্লেড ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ আয়োজন করেছে, যার মধ্যে 2009 এবং 2012 সালের সম্মিলিত IBSF ববস্লেড এবং স্কেলেটন ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ রয়েছে। 2025 IBSF ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ মূলত 2021 সালে আয়োজিত হওয়ার কথা থাকলেও করোনাভাইরাস মহামারীর কারণে এটিকে স্থগিত করা হয়।

লেক প্ল্যাসিডে সাতটি ডিসিপ্লিনের ওয়ার্ল্ড চ্যাম্পিয়নদের পুরস্কৃত করা হবে: 4-পুরুষ ববস্লেজ, 2-নারী ববস্লেজ, 2-পুরুষ ববস্লেজ, নারীদের মনোবব, পুরুষের স্কেলেটন, নারীদের স্কেলেটন, এবং মিশ্র দলীয় স্কেলেটন। চারটি হিটের সর্বমোট সময়ের দ্বারা বিজয়ী নির্ণীত হবে, যা 2026 মিলানো কর্টিনা শীতকালীন অলিম্পিক গেমসের জন্য প্রস্তুতি গ্রহণ করতে থাকা অ্যাথলেটদের গতিবেগকে বৃদ্ধি করবে।

জার্মানি দীর্ঘদিন ধরে ববস্লেড এবং স্কেলেটন ক্রীড়ায় আধিপত্য করে আসছে, তারা জার্মানির উইন্টারবার্গের 2025 ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপে 12টির মধ্যে 11টি পদক জিতে নেয়। গত দুই অলিম্পিকে 2-পুরুষ এবং 4-পুরুষ স্বর্ণপদক জিতে নেওয়া ফ্র্যান্সেসকো ফ্রেডরিককে ব্যাপকভাবে সর্বকালের সেরা ববস্লেড পাইলট হিসেবে গণ্য করা হয়, এবং সে গত বছর উইন্টারবার্গে তার রেকর্ডে মোট 14টি ওয়ার্ল্ড টাইটেল যোগ করেছে। ফ্রেডরিক 2026 অলিম্পিকের পর অবসর গ্রহণের পরিকল্পনা করছে।

2012 সালে মাউন্ট ভ্যান হোভেনবার্গে সর্বশেষ IBSF ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠিত হয় যেখানে স্টিভেন হোকস্ব 2-পুরুষ, 4-পুরুষ এবং দলীয় প্রতিযোগিতায় পাইলট হিসেবে মার্কিন যুক্তরাষ্ট্রের স্লেডকে বিজয়ী করেন। 2010 ভ্যানকুভার গেমসে আমেরিকানদের জন্য 4-পুরুষ অলিম্পিক স্বর্ণপদকের 62 বছরের খরা শেষ করে বিখ্যাত হওয়া হোকস্ব 2014 সোচি গেমসে দুইটি রৌপ্যপদক জিতে নেয়। আরো তথ্য এখানে পাওয়া যেতে পারে।

অলিম্পিক কর্তৃপক্ষের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যাশলি ওয়াল্ডেন বলেন, "যত্নসহকারে নির্বাচিত একটি ইভেন্ট ক্যালেন্ডার ঘোষণা করতে পেরে আমরা আনন্দিত যা আমাদের ভেন্যুগুলিতে তাদের সম্পূর্ণ সম্ভাবনায় ব্যবহার হওয়া প্রদর্শন করবে। সময়সূচিতে রয়েছে গতানুগতিক শীতকালীন ক্রীড়া ইভেন্ট এবং জনপ্রিয় গ্রীষ্মকালীন অলিম্পিক ক্রীড়া মাউন্টেন বাইকিং যোগ করার জন্য এই বছর একে সম্প্রসারিত করা হয়েছে। অত্যাধুনিক

সম্প্রচার ক্ষমতা এবং আধুনিক শক্তিদক্ষ স্নোমেকিং অবকাঠামো নিয়ে আমরা অ্যাথলেট ও দর্শনার্থী সকলের জন্য একটি অসাধারণ অভিজ্ঞতা প্রদান করার জন্য প্রস্তুত আছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "অলিম্পিক কর্তৃপক্ষের লিগেসি ভেন্যুগুলি অ্যাথলেটিক প্রতিযোগিতা এবং মুখ্য ইভেন্ট, অ্যাথলেট ও সারা বিশ্বের দর্শনার্থীদের স্বাগত জানানোর ক্ষেত্রে বিশ্বের সেরাদের মধ্যে রয়েছে। গভর্নর হোকলের কৌশলী বিনিয়োগের কারণে আধুনিকায়িত সাইটগুলি আরো বেশি মনোযোগ এবং পূর্বের যেকোনো সময়ের থেকে বেশি পর্যটককে আকৃষ্ট করছে, যা আমাদের অত্যাবশ্যকীয় আঞ্চলিক ও স্টেটব্যাপী পর্যটন শিল্পখাতকে আরো বেশি করে সমর্থন করছে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভাইস প্রেসিডেন্ট এবং পর্যটনের নির্বাহী পরিচালক রস ডি. লিভাই বলেন, "লেক প্ল্যাসিডের বিশ্বমানের অলিম্পিক লিগেসি ভেন্যুগুলি বৈশ্বিক দর্শনার্থীদের আকৃষ্ট করে এবং অ্যাথলেট ও পর্যটকদের স্বর্ণপদকের সমতুল অভিজ্ঞতা প্রদান করে। এইসব ইভেন্টের জন্য অ্যাডিরন্ড্যাকে ভ্রমণ করা ভক্ত ও প্রতিযোগীদের জন্য অনন্য থাকার ব্যবস্থা থেকে শুরু করে ক্র্যাফট খাদ্য ও পানীয় ও পরিবারবান্ধব মৌসুমী কর্মকাণ্ড পর্যন্ত অগণিত সুযোগ অপেক্ষা করছে, যা নিউ ইয়র্ককে ভালোবাসা এতো সহজ করে রেখেছে।"

স্টেটের সিনেটর ড্যান স্টেক বলেন, "লেক প্ল্যাসিডে ORDA ইভেন্টের 2024-25 সময়সূচি আমাদের বিশ্বমানের ক্রীড়া ফ্যাসিলিটিসমূহের বৈচিত্র্য এবং সম্ভাবনার উপর আলোকপাত করে। এইসব ভেন্যুতে সাম্প্রতিক বিনিয়োগ এবং এইসব ইভেন্টের ঘোষণার পর ক্রীড়া, আউটডোর বিনোদন এবং পর্যটনের কেন্দ্র হিসাবে আমাদের অঞ্চলের সুনামকে আরো বৃদ্ধি করার জন্য আমি উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য বিলি জোন্স বলেন, "অ্যাডিরন্ড্যাকে আউটডোর বিনোদনের জন্য বিশ্বের সেরা কিছু ভেন্যু রয়েছে এবং বৈশ্বিক প্রতিযোগিতার জন্য শীর্ষ একটি গন্তব্য হিসেবে স্বীকৃতি পেয়ে আমরা খুশি। সকল অ্যাথলেটদের এবং পর্যটকদের আমাদের অঞ্চলে স্বাগত জানানোর এবং তাদেরকে এইসব বিশ্বমানের ইভেন্টগুলির একটি অংশ হতে দেখার জন্য আমি উন্মুখ। এছাড়াও আমাদের অঞ্চলে এইসব ইভেন্ট নিয়ে আসা সকল পরিশ্রমী ব্যক্তিদের আমি ধন্যবাদ জানাতে চাই।"

নর্থ এলবার সুপারভাইজার ডেরেক ডটি বলেন, "আসন্ন এইসব ইভেন্ট নিয়ে নর্থ এলবা টাউন অত্যন্ত উৎসুক এবং পুরো অঞ্চলে টেকসই অবস্থা ও অর্থনৈতিক সাফল্য নিশ্চিত করতে ORDA এবং নিউ ইয়র্ক স্টেটের সাথে কাজ করতে পেরে আমরা খুশি। এইসব দারুণ ইভেন্ট সম্ভব করতে ORDA এর পরিশ্রমের জন্য আমরা তাদের প্রশংসা করছি এবং এসব দেখার জন্য উন্মুখ হয়ে আছি।"

লেক প্ল্যাসিডের মেয়র ডেভলিন বলেন, "লেক প্ল্যাসিডের সামনে আকর্ষণীয় সাতটি মাস রয়েছে। নর্থ কান্ট্রির উপর নিউ ইয়র্ক স্টেটের আস্থা, আমাদের ক্রীড়া ভেন্যুর উন্নয়নকাজ এবং বিশ্বমানের ইভেন্ট নিয়ে আসতে ORDA এর অব্যাহত সমর্থনের কারণে এই সকল ইভেন্ট সম্ভব

হচ্ছে। নতুন মানুষদের লেক প্ল্যাসিডের সাথে পরিচয় করিয়ে দেওয়া এবং অতীতের পর্যটকদের কেনো তারা লেক প্ল্যাসিডে আসা এতো বেশি উপভোগ করে তা স্মরণ করিয়ে দেওয়ার জন্য এই ইভেন্টগুলি দারুণ উপায়। বহু শীতকালীন কর্মকাণ্ড উপভোগ করা বা একটি ইভেন্ট দেখা, আপনি যেই কারণেই লেক প্ল্যাসিডে আসুন না কেনো, আপনাকে স্বাগত জানাতে আমরা উন্মুখ।"

দুই বছর আগে লেক প্ল্যাসিডে 30 বছরের বেশি সময় পর প্রথমবারের মতো FIS ওয়ার্ল্ড কাপ স্কি জাম্পিং ফেরত আসে, যা সারা বিশ্বের 15,000 এর বেশি দর্শককে আকৃষ্ট করেছে। এছাড়াও, এই সংখ্যাগুলি একটি সংশ্লিষ্ট অর্থনৈতিক প্রভাবও সৃষ্টি করছে। গত বছর সংগঠনের মোট অর্থনৈতিক প্রভাব ছিলো 341.8 মিলিয়ন মার্কিন ডলার, যা মাত্র তিন বছর পূর্বের 273.6 মিলিয়ন মার্কিন ডলারের তুলনায় প্রায় 25 শতাংশ বেশি। লেক প্ল্যাসিডে বিশ্বের সেরা অ্যাথলেটদের এবং বৈচিত্র্যময় ব্যাপ্তির দর্শকদের আকৃষ্ট করতে ইভেন্টের একটি সমর্থ সময়সূচি নিয়ে 1932 এবং 1980 সালের শীতকালীন অলিম্পিকের সময় ব্যবহৃত ভেন্যুসমূহকে দায়িত্বশীলভাবে পরিচালনা করার মাধ্যমে অলিম্পিক কর্তৃপক্ষ অঞ্চলের জন্য অর্থনৈতিক ও সামাজিক সুবিধা তৈরির এর মিশন পূরণ করা অব্যাহত রেখেছে।

পর্যটন শিল্পের প্রতি গভর্নর হোকলের সমর্থন

স্টেটের প্রধান অর্থনৈতিক চালিকা শক্তিগুলোর মধ্যে একটি হলো নিউ ইয়র্কের পর্যটন শিল্প, এটিকে সমর্থন করার জন্য গভর্নর হোকল একটি দৃঢ় প্রতিশ্রুতি বজায় রেখেছেন। নিউ ইয়র্ক স্টেট 2022 সালে 291.5 মিলিয়ন পর্যটককে স্বাগত জানিয়েছে, এটি নিউ ইয়র্ক স্টেটের ইতিহাসে সর্বোচ্চ সংখ্যক পর্যটক, পর্যটন, অর্থনৈতিক বিকাশ, আউটডোর বিনোদন, পরিবহন, এবং অন্যান্য মুখ্য খাতে ঐতিহাসিক বিনিয়োগের ফলে 78.6 বিলিয়ন মার্কিন ডলার প্রত্যক্ষ ব্যয় এবং 123 বিলিয়ন মার্কিন ডলার মোট অর্থনৈতিক প্রভাব তৈরি হয়েছে।

প্রতিশ্রুতির অংশ হিসেবে, নিউ ইয়র্ক স্টেটকে বৈশ্বিক শীতকালীন ক্রীড়া গন্তব্য হিসেবে পুনরায় প্রতিষ্ঠা করতে সাহায্য করার জন্য অলিম্পিক কর্তৃপক্ষের ফ্যাসিলিটিসমূহে 600 মিলিয়ন মার্কিন ডলারের বেশি উল্লেখযোগ্য বিনিয়োগকে গভর্নর সমর্থন করেছেন। গত বছর লেক প্ল্যাসিডে আয়োজিত 2023 FISU উইন্টার ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের মতো মুখ্য ক্রীড়া ইভেন্টকে এইসব বিনিয়োগ সমর্থন করেছে। টেকসই দশা এবং আর্থিক দায়বদ্ধতাকে কেন্দ্রে রেখে মুখ্য রূপান্তর ও আধুনিকায়নের কাজ সম্পাদন করা হয়েছে। সেই সাথে, ইভেন্ট প্রোমোটার এবং অর্গানাইজার WBD স্পোর্টস সম্প্রতি টেকসই ইভেন্ট ব্যবস্থাপনা করার প্রতি তাদের প্রতিশ্রুতির জন্য ISO20121 প্রত্যয়ন পেয়েছে। তাদের ইভেন্ট ব্যবস্থাপনা অনুশীলনে যেই টেকসই বৈশিষ্ট্য সংযুক্ত করার কাঠামোগত ফ্রেমওয়ার্ক রয়েছে, প্রত্যয়নটি সেটিকে অনুমোদিত করে। অলিম্পিক কর্তৃপক্ষের ভেন্যু আধুনিকায়ন প্রকল্পের সূচনার পর থেকে অলিম্পিক ফ্যাসিলিটিসমূহে মোট মানুষ আসার সংখ্যা উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি পেয়েছে। সকল ভেন্যুতে সম্মিলিতভাবে আগত অতিথির সংখ্যা 2022-2023 সালে প্রথমবারের মতো এক মিলিয়নের মাইলফলক স্পর্শ করে, মোট আগমনের সংখ্যা ছিলো 1,014,292।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন